গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান শাখা-৪
www.mof.gov.bd

নং- ০৭.০০.০০০০.১২৯.০০.০০১.২১-৯১

তারিখঃ ১৭/০৪/১৪২৮বাং
০১/০৮/২০২১খ্রিঃ

**বিষয়ঃ বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)-এর কর্মকর্তা-কর্মচারীদের জন্য সরকারি অনুদান হতে পেনশন ও অবসর সুবিধা অব্যাহত রাখা প্রসঙ্গে।**

সূত্রঃ পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের পত্র নং-৪৭.০০.০০০০.০৪৭.৯৯.১৬৯.২০-৫৫ তারিখঃ ১০-০৩-২০২১খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)এর কর্মকর্তা-কর্মচারীদের জন্য সরকারি অনুদান হতে নিম্নোক্ত শর্তে পেনশন সুবিধা অব্যাহত রাখার বিষয়ে নির্দেশক্রমে অর্থ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হলঃ

**শর্তাবলীঃ**

ক) বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)এর পেনশন/আনুতোষিক/প্রদেয় ভবিষ্য তহবিলে প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত চাঁদার অংশে গঠিত ফান্ড/অন্য কোন ফান্ড এ সঞ্চিত অর্থ সরকারি কোষাগারে জমা প্রদান করতে হবে;

খ) প্রতিষ্ঠানটির সকল ধরনের আয় সরকারি কোষাগারে জমা প্রদান করতে হবে;

গ) চাকরিকালীন ছুটি নগদায়ন সুবিধা রহিত করতে হবে;

ঘ) প্রতি অর্থবছর শেষে বিআরডিবি'র আয় এবং ব্যয়ের বিবরণী অর্থ বিভাগের বাজেট অনুবিভাগে প্রেরণ করতে হবে;

ঙ) চাকুরি বিধিমালা/প্রবিধানমালা/পেনশন বিধিমালা সংশোধন করতে হবে;

চ) বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) এর কর্মচারীদের জিপিএফ এর মুনাফা প্রদানের ক্ষেত্রে অর্থ বিভাগ কর্তৃক সময়ে সময়ে জারীকৃত আদেশ অনুসরণ করতে হবে;

ছ) বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)-এর কর্মচারীদের চাকরি ও পেনশন সুবিধা প্রদানের ক্ষেত্রে সরকারি কর্মচারীদের জন্য প্রযোজ্য বিধি-বিধান অনুসরণ করতে হবে এবং অতিরিক্ত কোন সুবিধা প্রদান করা যাবে না;

জ) বিদ্যমান জনবলের অতিরিক্ত কোন জনবল নিয়োগ করা যাবে না;

ঝ) সরকারি বিধি-বিধান অনুসারে কোন অতিরিক্ত সুবিধা দাবি করা যাবে না;

ঞ) তথ্য প্রযুক্তি ও নেটওয়ার্কিং ব্যবহার করে বিআরডিবি'র আয় বৃদ্ধি ও দৈনন্দিন ব্যয় (অপ্রয়োজনীয় জনবল ক্রমান্বয়ে হ্রাসসহ) হ্রাস করার জন্য Restructuring সংক্রান্ত কর্মপরিকল্পনা গ্রহণ করতে হবে এবং হিসাবের স্বচ্ছতা বৃদ্ধির লক্ষ্যে বিআরডিবিকে iBAS++ -এ সংযুক্ত করতে হবে; এবং

ট) পেনশন সংক্রান্ত সকল সরকারি বিধি-বিধান যথাযথভাবে অনুসরন করতে হবে;

০১.০৮.২১

(মহম্মদ রবিউল ইসলাম)
উপ সচিব
ফোনঃ ৯৫৪০১৮৮

M/F

সচিব
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।